রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার,  ফেব্রুয়ারি ২৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

**ঢাকা,** ১৩ ফাল্গুন  ১৪২৫ বঙ্গাব্দ/ ২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৫৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত দিক-নির্দেশনা প্রদান ও মনিটরিং-এর জন্য জাতীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন:

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | চেয়ারপারসন |
| ২. | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩. | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪. | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫. | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬. | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| ৭. | মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য |
| ৮. | প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা | : | সদস্য |
| ৯. | প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা | : | সদস্য |
| ১০. | প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | : | সদস্য |
| ১১. | প্রতিমন্ত্রী, পানিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |



**মূল্য :** টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| ১২. | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| ১৩. | সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী | : | সদস্য |
| ১৪. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| ১৫. | এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| ১৬. | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৭. | সচিব, বিদ্যুৎ বিভাগ | : | সদস্য |
| ১৮. | সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৯. | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| ২০. | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| ২১. | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য |
| ২২. | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ২৩. | সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ২৪. | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | : | সদস্য |
| ২৫. | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | : | সদস্য |
| ২৬. | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) | : | সদস্য |
| ২৭. | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | : | সদস্য |
| ২৮. | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | : | সদস্য |
| ২৯. | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প | : | সদস্য |
| ৩০. | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কার্যপরিধি:

(১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের প্রাক-বাস্তবায়ন, বাস্তবায়ন পর্যায়ের মনিটরিং এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(২) প্রকল্পের স্বত্বাধিকার নির্ধারণ, প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি নির্বাচন এবং প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থ যোগানের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(৩) প্রকল্প বাস্তবায়নের পথে বাধাসমূহ চিহ্নিতকরণ ও তা দূরীকরণে সম্ভাব্য ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান;

(৪) পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনকারী/স্থাপনের উপকরণাদি সরবরাহকারী সম্ভাব্য রাষ্ট্রসমূহের সাথে প্রকল্প বাস্তবায়ন ও যথাযথ পরিচালনার বিষয়গুলো বিবেচনায় এনে দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সম্পাদিত চুক্তিসমূহের অগ্রগতি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৫) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করা এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামোগত পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন, মানব সম্পদ উন্নয়ন এবং নিউক্লিয়ার সায়েন্স ও নিউক্লিয়ার টেকনোলজি সম্পর্কিত শিক্ষা, গবেষণা ও উন্নয়ন কার্যক্রম গ্রহণে দিক-নির্দেশনা প্রদান;

(৬) প্রকল্প বাস্তবায়নে যে সকল আন্তর্জাতিক মানদণ্ড পূরণ করা অত্যাবশ্যক সে সকল মানদণ্ড পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় চুক্তিসমূহ সম্পাদনের জন্য দিক-নির্দেশনা প্রদান; এবং

(৭) দেশের পারমাণবিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও ক্ষতিকর তেজস্ক্রিয় বিকিরণ নিয়ন্ত্রণের লক্ষ্যে বিদ্যমান আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণসহ উপযুক্ত আইন প্রণয়ন ও নিউক্লিয়ার রেগুলেটরি অবকাঠামো উন্নয়ন/প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(গ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঘ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd